

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ শীর্ষক প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০২৪.১৬.০০৫.-২২-২৪


তারিখঃ ০৮/০৭/২০২৪খ্রি।

বিষয়ঃ স্বচ্ছতা, জবাবদিহিতা ও গুণগতমান নিশ্চিত করণ;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) কর্তৃক বাস্তবায়নাধীন 'গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় দেশব্যাপী সেতু/কালভার্ট নির্মাণ কাজ চলমান রয়েছে। সেতু/কালভার্টসমূহের বাস্তবায়ন কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও গুণগতমান বজায় রাখার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ০১। নির্মাণ কাজে ব্যবহৃত সকল প্রকার মালামালের ল্যাব টেস্ট সম্পন্ন করতে হবে। চূড়ান্ত বিল অনুমোদনের সময় আবশ্যিক ভাবে উক্ত Report সমূহের সত্যায়িত কপি প্রেরণ করতে হবে;
- ০২। নির্মাণ কাজের প্রতিটি ধাপের স্থির চিত্র গ্রহণ ও সংরক্ষণ করতে হবে। চূড়ান্ত বিল অনুমোদনের সময় আবশ্যিকভাবে তা বিলের সহিত প্রত্যায়নসহ সংযুক্ত করতে হবে;
- ০৩। প্রতিটি নির্মাণস্থলে প্রকল্পের তথ্য সম্বলিত সাইন-বোর্ড দৃশ্যমান স্থলে আবশ্যিকভাবে স্থাপন করতে হবে;
- ০৪। প্রতিটি সেতু/কালভার্টের নামফলক সেতুর মাঝামাঝি রেলিং এর সাথে সংযোজন করতে হবে;
- ০৫। সেতু/কালভার্টের উভয় পার্শ্বের সংযোগ সড়কে এইচবিবি করার পূর্বেই ম্যানুয়াল কম্প্যাকশন নিশ্চিতকরত এইচবিবি সড়ক নির্মাণ করতে হবে;
- ০৬। গুরুত্বপূর্ণ RCC ঢালাই কাজের সময় দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীর অনুপস্থিতিতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অথবা তাঁর উপযুক্ত প্রতিনিধি দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী/উপপ্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালককে নির্মাণ স্থল হতে ভিডিও কলে সংযুক্ত করে তাঁর মতামতের আলোকে ঢালাই কাজ সম্পন্ন করতে হবে;
- ৭। গুরুত্বপূর্ণ প্রতিটি RCC কাজের সময় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অথবা তাঁর উপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং স্থির চিত্র গ্রহণ করে চূড়ান্ত বিলে দাখিল করতে হবে;
- ০৮। প্রকল্পের সাইট অর্ডার বুক এর ব্যবহার নিশ্চিত করতে হবে;

বিষয়টি অতীব জরুরী


(মোঃ শফিকুল ইসলাম)
(যুগ্মসচিব)

প্রকল্প পরিচালক

ফোন নং-০২ ২২২২৮৮৫৭০

ই-মেইল নং-pd.bridge@ddm.gov.bd

- ০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল);

অনুলিপি জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
- ০৩। জেলা প্রশাসক (সকল);
- ০৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা; (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
- ০৫। উপপ্রকল্প পরিচালক, সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প, মহাখালী, ঢাকা;
- ০৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল);
- ০৭। সহকারী প্রকল্প পরিচালক/সহকারী প্রকৌশলী/দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী, সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প, মহাখালী, ঢাকা
- ০৮। অফিস নথি;